

# Times Today BD

সিনিয়র রিপোর্টার | স্বাস্থ্য | 30 June, 2025

চলতি বছরের ডেঙ্গু পরিস্থিতি উদ্বেগজনক আকার ধারণ করেছে। সর্বশেষ ২৪ ঘণ্টায় (রোববার সকাল ৮টা থেকে সোমবার সকাল ৮টা পর্যন্ত) ডেঙ্গুতে আক্রান্ত হয়ে দেশের বিভিন্ন হাসপাতালে নতুন করে ভর্তি হয়েছেন ৪২৯ জন রোগী, যা এ বছরের একদিনে সর্বোচ্চ। সোমবার (৩০ জুন) স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, নতুন আক্রান্তদের মধ্যে সবচেয়ে বেশি রোগী ভর্তি হয়েছেন বরিশাল বিভাগে—১৪৯ জন। এরপর রয়েছে ঢাকা বিভাগের (সিটি কর্পোরেশনের বাইরে) ৬১ জন, চট্টগ্রাম বিভাগে ৫৭ জন, রাজশাহী বিভাগে ৫৪ জন, ঢাকা দক্ষিণ সিটিতে ৪৫ জন, ঢাকা উত্তর সিটিতে ৪২ জন এবং খুলনা বিভাগে ২১ জন। তবে স্বস্তির খবর হলো, এই একদিনে ডেঙ্গুতে নতুন করে কারও মৃত্যু হয়নি।

এছাড়া গত ২৪ ঘণ্টায় সারা দেশে ৩৫৮ জন ডেঙ্গু আক্রান্ত রোগী সুস্থ হয়ে হাসপাতাল থেকে ছাড়পত্র পেয়েছেন। চলতি বছরের শুরু থেকে এখন পর্যন্ত ডেঙ্গু আক্রান্ত হয়ে মোট ১০ হাজার ২৯৬ জন রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন। এদের মধ্যে সুস্থ হয়েছেন ৯ হাজার ৮৭ জন। ডেঙ্গুতে চলতি বছর এখন পর্যন্ত ৪২ জনের মৃত্যু হয়েছে।

স্বাস্থ্য অধিদপ্তর জানিয়েছে, বর্ষা মৌসুমের আগেই যেভাবে রোগীর সংখ্যা বাড়ছে, তাতে পরিস্থিতি আরও জটিল হতে পারে। এজন্য প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ এবং জনসচেতনতা বাড়ানোর আহ্বান জানিয়েছে স্বাস্থ্য বিভাগ। বিশেষ করে বাড়ির আশপাশে জমে থাকা পানি

অপসারণ এবং মশার বিস্তার রোধে কার্যকর উদ্যোগ নেওয়ার তাগিদ দেওয়া হয়েছে।

স্বাস্থ্য বিশেষজ্ঞরা মনে করছেন, এডিস মশা নিয়ন্ত্রণে স্থানীয় প্রশাসন ও নগর কর্তৃপক্ষের পাশাপাশি জনগণকেও সক্রিয় হতে হবে। তা না হলে আগামী দিনগুলোতে পরিস্থিতি আরও ভয়াবহ রূপ নিতে পারে।

ডেঙ্গু স্বাস্থ্য অধিদপ্তর হাসপাতাল

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 17:13

URL: <https://timestodaybd.com/public/health/3977775807>